



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.২৯০০.০৪২.১৪.০৬৩.১৭.২২১৫

তারিখ: ০৮ কার্তিক ১৪২৮
২৪ অক্টোবর ২০২১


বিষয়: কোভিড-১৯ মোকাবেলায় নগদ অর্থ সহায়তা (Cash Support) প্রদান সংক্রান্ত স্কিমটি অনুমোদনের লক্ষ্যে তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র: জেলা পরিষদ, ফরিদপুর এর স্মারক নং-জেপফ/প্রকৌ:/২৪, তারিখ: ০৭ অক্টোবর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২১-২২ অর্থবছরে জেলা পরিষদ, ফরিদপুর কর্তৃক ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে কোভিড-১৯ মোকাবেলায় নগদ অর্থ সহায়তা (Cash Support) প্রদান সংক্রান্ত নিম্নোক্ত স্কিম বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে:

ক্রমিক	স্কিমের নাম	রাজস্ব	এডিপি বরাদ্দের কোভিড-১৯ উপ-খাত	মোট প্রাক্কলিত ব্যয়
১	ত্রাণসামগ্রী হিসেবে (Cash Support) নগদ অর্থ সহায়তা	৪০.০০ লক্ষ টাকা	১০.০০ লক্ষ টাকা	৫০.০০ লক্ষ টাকা

২। এমতাবস্থায়, প্রস্তাবিত নগদ অর্থ সহায়তা (Cash Support) প্রদানের ক্ষেত্রে সরকারের বিদ্যমান আইন ও বিধি-বিধানের আলোকে কী পদ্ধতি অনুসরণ করা হবে এ বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফরিদপুর।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।